# উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

## ভিজিডি (দুঃস্থ মহিলা উন্নয়ন)কর্মসূচিঃ

এটা বাংলাদেশের গ্রামীণ দুঃস্থ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়নে বাস্তবায়িত একটি বৃহত্তর সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি। ভিজিডি মহিলারা প্রশিক্ষণ প্যাকেজ (প্রশিক্ষণ, সঞ্চয়, ঋণ) সেবা গ্রহণের পাশাপাশি ২৪(চব্বিশ) মাস ধরে মাসিক ৩০ কিলোগ্রাম গম/চাল খাদ্য সহায়তা পেয়ে থাকে। এই ২৪ মাস সময় কালকে একটি ভিজিডি চক্র হিসেবে গণ্য করা হয়। খাদ্য সহায়তা প্রাপ্তির ২৪ (চব্বিশ) মাসকালে ভিজিডি মহিলারা অনুমোদিত এনজিও'দের মাধ্যমে জীবন-দক্ষতা ও আয়বৃদ্ধিমূলক দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ পেয়ে থাকে।

## মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচিঃ

এই কার্যক্রমের মাধ্যমে দেশের বেকার মহিলা বিশেষ করে পল্লী অঞ্চলের আর্থিক সংগতিহীন কর্মক্ষম মহিলাদের উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ ও আত্মনির্ভরশীল করার লক্ষ্যে এবং দারিদ্র বিমোচনের লক্ষ্যে দুঃস্থ, অসহায় ও প্রশিক্ষিত নারীদের মধ্যে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়। এই কার্যক্রমের মাধ্যমে ৫০০০/- টাকা থেকে ১৫০০০/- টাকা পর্যন্ত সহজ শর্তে ঋণ প্রদান করা হয়।

## দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রমঃ

বাংলাদেশের পল্লী এলাকায় বসবাসরত অধিকাংশ মানুষই দরিদ্র পীড়িত। এদের মধ্যে মহিলাদের অবস্থা আরও শোচনীয়। বিশেষ করে দরিদ্র গর্ভবর্তী মায়েদের অবস্থা।
তাদের অসহায়ত্বের কথা বিবেচনা করে তাদের দুঃখ দূরদশা লাঘব করার উদ্দেশ্যে প্রতি ইউনিয়নে ১৫ জন করে প্রতি জন মাকে মাসিক ৩৫০/- টাকা ভাতা পূর্বে প্রদান করা হতো।
বর্তমানে ভাতা গ্রহীতার সংখ্যা বৃদ্ধি করে প্রতি ইউনিয়নে করা হয়েছে ৮০ জন এবং একই সঙ্গে ভাতার পরিমাণ বৃদ্ধি করে করা হয়েছে প্রতিমাসে ৫০০/- টাকা। এর মাধ্যমে নিশ্চিত হবে নারীর নিরাপদ মাতৃত্ব। যা নারীর মৌলিক মানবাধিকার। শুধু মাত্র আর্থিক সহায়তা দিয়ে একজন মানুষের উন্নয়ন করা সম্ভব নয়। সেজন্য প্রয়োজন সচেতনতা। সে লক্ষ্যে মাতৃত্বকালীন উপকারভোগীদের আর্থিক সহায়তার পাশাপাশি সচেতনতামূলক প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। যার মাধ্যমে ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিস্কার-পরিচ্ছন্নতা, নিরাপদ মাতৃত্ব ও গর্ভবর্তী মায়ের পরিচর্যা, পুষ্টি, শিক্ষা, আয়বর্ধক কর্মসূচিতে অংশগ্রহণে উৎসাহিত করণ, বাল্যবিবাহ, পরিবার-পরিকল্পনা, মাতৃত্বদুগ্ধ পানের গুরুত্ব ইত্যাদি বিষয়ে সচেতন হওয়ার সুযোগ পেয়ে থাকে।

## স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনঃ

এই কর্মসূচির মাধ্যমে দেশের উন্নয়ন কার্যক্রমকে আরও ব্যপৃত এবং মহিলা জনগোষ্ঠীর মধ্যে সম্প্রসারণ করার লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর হতে স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন বা সমিতি সমূহের নিবন্ধন প্রদান করা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিগুলোকে অনুদান প্রদান কর্যক্রম পশ্চাদপদ নারী সমাজকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে সরকারি প্রচেষ্টা সমূহের অন্যতম। অনুদানের অর্থের সাথে সদস্যদের চাঁদা, সমিতির উৎপাদিত দ্রব্যাদি বিক্রয়লব্ধ অর্থ, সংশ্লিষ্ট গণ্যমান্য ব্যক্তিবর্গের সাহায্য এবং স্থানীয় ভাবে সংগৃহীত সম্পদ সমন্বয়ে সদস্যদের আত্মনির্ভরশীল হতে সাহায্য করে।